

কেয়ামত পর্যন্ত চালু থাকবে হযরত ওসমান(রাঃ) এর ব্যাংক একাউন্ট

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ কেয়ামত পর্যন্ত চালু থাকবে হযরত ওসমান(রাঃ) এর ব্যাংক একাউন্ট।

ইসলামের ৩য় খলিফা ও রাসুল(সাঃ) এর মেয়ের জামাতা হযরত ওসমান ইবনে আফফান(রাঃ) ছিলেন ধনী ও দানশীল ব্যক্তি। জীবদ্দশায় তিনি মানব কল্যাণে বহু সম্পদ দান ও ওয়াকফ করেন। তার সেই সম্পদ দ্বারা এখনও অনেকে উপকৃত হচ্ছে। জেনে অবাক হবেন সৌদী আরবে এখনও হযরত উসমান(রাঃ) এর নামে দলীল করা সম্পত্তি ও ব্যাংক একাউন্ট রয়েছে। শুধু তাই নয় প্রতি মাসে এখনও তার নামে গ্যাস ও বিদ্যুতের বিল আসে। সম্প্রতি উসমান(রাঃ) এর মালিকানাধীন বিলাসবহুল হোটেল নির্মাণের কাজও শুরু হয়েছে। অবাক করা এঘটনার বিস্তারিত জানতে যেতে হবে ইতিহাসের একটু পেছনো।

মহানবী(সাঃ) নবুয়ত প্রাপ্তির ১৩তম বছর। মুসলমানরা মাত্র মক্কা ছেড়ে মদীনায় এসেছে। সেখানে সুপেয় পানির তীব্র সংকট। মদীনায় বীরেরুমায় রুমার কূপ নামে ইহুদী মালিকানাধীন একটি কূপ ছিল। সেই কূপের পানি মুসলমানদের কাছে খুব চড়া দামে বিক্রি করত। সাহাবারা রসুল(সাঃ)-কে এ বিষয় অবগত করলে তিনি বললেন তোমাদের মধ্যে কে আছে যে এ কূপ মুসলমানদের জন্য খরিদ করে দেবে। যে এ কূপ মুসলমানদের খরিদ করে দেবে আল্লাহ তাকে জান্নাতে ঝর্ণা দান

click here <http://www.morningbrightness.fi/@morningbrightness603>

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

করবেনারসুল(সাঃ) এর কথায় উসমান(রাঃ) সেই ইহুদীর কাছে কূপটি কেনার ইচ্ছা প্রকাশ করলেন। ইহুদী তার প্রস্তাব ফিরিয়ে দিলে তিনি বললেনঃ পুরো কূপ বিক্রি না করলে অন্তত অর্ধেক বিক্রি করুন। এতে একদিন কূপের মালিক হব আমি আরেকদিন হবেন আপনি। উসমান (রাঃ) অর্ধেক কূপ ক্রয় করে বিনামূল্যে পানি বিতরণ করতে লাগলেন। লোকজন উসমান(রাঃ) এর ক্রয় করা নির্ধারিত দিনে পানি সংগ্রহ করত এবং পরের দিনের জন্যে পর্যাপ্ত পানি মজুদ করে রাখত। ইহুদীর কাছে কেউ পানি ক্রয় করতে যেত নাফলে তার পানির ব্যবসা খারাপ হতে লাগলো। তখন সে নিজেই পুরো কূপ বিক্রির জন্য উসমান(রাঃ) কাছে প্রস্তাব নিয়ে গেল। উসমান(রাঃ) কূপটি কিনে মুসলমানদের জন্যে ওয়াকফ করে দিলেন। হযরত উসমান(রাঃ)এর শাসনামলে এ কূপের চারপাশে খেজুর বাগান তৈরী হয়। বহু বছর পর সৌদী রাজ পরিবার সিংহাসনে বসার সময় এ বাগানে খেজুর গাছের সংখ্যা ১৫৫০টিতে পৌঁছায়। সরকার বাগানের চারদিকে দেয়াল তৈরী করে এ ভূ সম্পত্তি উসমান(রাঃ) এর নামে দলীল করে দেয়। সেই সাথে তার নামে খোলা হয় একটি ব্যাংক একাউন্ট। সৌদী কৃষি মন্ত্রণালয় সেই বাগানের খেজুর বিক্রির অর্থ উসমান(রাঃ)এর একাউন্টে জমা রাখে। সঞ্চিত অর্থ দিয়ে মদীনায় একটি বড় প্রপাটি ক্রয় করা হয়েছে। সেখানে হোটেল ওসমান বিন আফফান নামে একটি আবাসিক হোটেল নির্মাণের কাজ চলছে। এই হোটেল থেকে প্রতি বছর বিপুল পরিমাণ আয় হবে বলে আশা করছে সৌদী সরকার। সেই অর্থের অর্ধেক ব্যয় হবে অসহায় দুস্থদের মানবতার সেবায়। আর অর্ধেক জমা হবে হযরত ওসমান (রাঃ) এর ব্যাংক একাউন্টে।

ওসমান(রাঃ) এর আখেরাতের একাউন্টে তো সওয়াব জমা হচ্ছেই দুনিয়ার একাউন্টের ব্যালেন্সও ফুরাবার নয়। উসমান(রাঃ)এর দান আল্লাহ এমনভাবে গ্রহণ করেছেন যে, কেয়ামত পর্যন্ত তা চালু থাকবে।

.....

.

click here <http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>